



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address : Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৯ জানুয়ারি ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

### লংগুদুতে ইউপিডিএফ সদস্যকে খুনের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ মঙ্গলবার ২৯ জানুয়ারি ২০১৯ এক বিবৃতিতে জেলার লংগুদু উপজেলার সদর ইউনিয়নের ভূইয়োছড়া গ্রামে পবিত্র চাকমা ওরফে তোষণ নামে ৪২ বছর বয়সী এক ইউপিডিএফ সদস্যকে খুনের তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং অবিলম্বে হত্যাকারীদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

ঘটনার বর্ণনা দিয়ে ইউপিডিএফ নেতা বলেন, 'আজ দুপুর ১টার দিকে পবিত্র চাকমা ও অন্য একজন ইউপিডিএফ সদস্য সাংগঠনিক কাজে ভূইয়োছড়ায় (ডানে লংগুদু) গেলে মহালছড়ির মুবাছড়ি থেকে ১০-১২ জন সংস্কারবাদী সশস্ত্র সদস্য তাদের উপর অতর্কিত গুলি চালায়। এতে ঘটনাস্থলে পবিত্র চাকমা নিহত হন, তবে অন্যজন অক্ষত অবস্থায় নিরাপদ স্থানে সরে যেতে সক্ষম হন।'

পবিত্র চাকমা ঘটনাস্থল ভূইয়োছড়ার পার্শ্ববর্তী গ্রাম ধর্মপাড়ার বাসিন্দা এবং শান্তি প্রিয় চাকমার ছেলে। তিনি ২০০১ সাল থেকে ইউপিডিএফে একনিষ্ঠভাবে কাজ করছিলেন।

সচল চাকমা পবিত্র চাকমার খুনের ঘটনাকে 'অত্যন্ত কাপুরুষোচিত ও জঘন্য' বলে মন্তব্য করে বলেন, একটি কায়েমী স্বার্থান্বেষী মহলের বু-প্রিন্ট অনুযায়ী জুম্ম জাতিকে ধ্বংস করতে সংস্কারবাদীরা বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের সময়কালের পাকিস্তানী হানাদার বাহিনীর সৃষ্ট রাজাকার, আলবদর বাহিনীর মতো আন্দোলনকারী নেতাকর্মীদের খুন করে চলেছে।

তবে বাঙালি রাজাকারদের মতো এসব জুম্ম রাজাকারদেরও একদিন তাদের এইসব জাতীয় স্বার্থ বিরোধী অপকর্মের জবাব দিতে হবে বলে তিনি মন্তব্য করেন।

সরকার, প্রশাসন ও নিরাপত্তা বাহিনীর সমালোচনা করে তিনি বলেন, সংস্কারবাদীরা ২০১৭ সাল থেকে নিরাপত্তা বাহিনীর ক্যাম্পের পাশে অবস্থান করে একের পর এক খুন, গণহত্যা, অপহরণ, মুক্তিপণ আদায়সহ বিভিন্ন সন্ত্রাসী কাজ চালিয়ে আসলেও তাদের বিরুদ্ধে কোন ধরনের ব্যবস্থা নিচ্ছে না। উপরন্তু ইউপিডিএফ নেতাকর্মী ও সমর্থকদের খুন-অপহরণ করতে তাদেরকে বিভিন্নভাবে সহযোগিতা দিচ্ছে, যা চরম উদ্বেগজনক ও নিন্দনীয়।

ইউপিডিএফ নেতা অবিলম্বে খুনীদের গ্রেফতার ও জেএসএস সংস্কারবাদীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।